গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

'শেখ হাসিনার মূলনীতি, গ্রাম শহরের উন্নতি'

স্মারক নং-৪৬.০২০.০১৪.০০.০১.২০২১ (অংশ-৩)-৯৪০

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৮ব: / ২৯ জুন, ২০২১ খ্রি:

বিষয়: **স্থানীয় সরকার বিভাগ এর পক্ষভুক্ত মামলা পরিচালনার জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপত্র।**

সূত্র-১: আইন ও বিচার বিভাগের স্মারক নং-১৪/সলি:জিপি/পিপি-আইন উপদেষ্টা/২০১০-১৭; তারিখ: ০৬/০২/২০২০।
সূত্র-২: অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখার স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩২.০১২.১৩-৪৭ তারিখ: ০১/০৩/২০২০।

স্থানীয় সরকার বিভাগের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার নিমিত্ত আইন ও বিচার বিভাগ এবং অর্থ বিভাগের সূত্রোক্ত স্মারকদ্বয়ের অনাপত্তি/ছাড়পত্রের আলোকে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগ কর্তৃক নির্ধারিত মামলা পরিচালনার ফি ও শর্তাবলী প্রতিপালন/সম্মতি সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভাবে নিম্নোক্ত ০৩ (তিন) জনকে বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ করা হলো:

| ক্রমিক | প্যানেল আইনজীবীদের নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১. | জনাব মো: আল-আমীন সরকার<br>পিতা: মোজাহার আলী সরকার<br>মাতা: আশরাফুন নেছা | কক্ষ নং-১১৮, সুপ্রিম কোর্ট আইনজীবী সামিতি, ঢাকা। |
| ০২. | জনাব সানজিদা খানম<br>পিতা: সিরাজ উদ্দিন খান<br>মাতা: শামসুন্নাহার বেগম | কক্ষ নং-২০৩ (২য় তলা) এনেক্স ভবন, সুপ্রিমকোর্ট বার এসোসিয়েশন, ঢাকা। |
| ০৩. | জনাব আবু হানিফ<br>পিতা: আ: জলিল বেপারী<br>মাতা: সেলিনা বেগম | ঠিকানা: কক্ষ নং-৭০২, ফজলুল হক ভবন, সুপ্রিম কোর্ট ভবন, ঢাকা। |

**শর্তাবলী:**

১. স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে সম্পূর্ণ অস্থায়ী ভাবে চুক্তি ভিত্তিক নিয়োগ যা যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে এক মাস পূর্বে নোটিশ প্রদান সাপেক্ষে এ নিয়োগ রহিত/বাতিল করা যাবে।
২. প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোন প্রকার বেতন-ভাতা বা সন্মানী দেয়া হবে না।
৩. স্থানীয় সরকার বিভাগের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে, সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য আপনাকে সরকার নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফি প্রদান করা হবে।
৪. সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আপনি বাধ্য থাকিবেন।
৫. কোন মামলা বিচারাধীন থাকাকালে কিংবা যে কোন স্তরে/পর্যায়ে স্থানীয় সরকার বিভাগ আপনার কাছ থেকে যে কোন মামলা ফেরত নিয়ে অন্য কোন আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তি পত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।
৬. স্থানীয় সরকার বিভাগের আইনজীবী দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।
৭. স্থানীয় সরকার বিভাগের প্যানেলভূক্ত থাকাকালীন আপনি এ বিভাগের মামলা সংক্রান্ত কোন বিষয়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান কিংবা এ বিভাগের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা স্থানীয় সরকার বিভাগের বিপক্ষকে সমর্থন করতে পারবেন না।
৮. স্থানীয় সরকার বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্থানীয় সরকার বিভাগের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ভূল ত্রুটির কারণে সরকার কোনরুপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ভুত যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য আপনি দায়ী থাকবেন।

ক্রমশ/২

৯. আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও অবস্থা স্থানীয় সরকার বিভাগের আইন অধিশাখাকে যথাসময়ে অবহিত করতে হবে। তাছাড়া আপনার চেম্বার/বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

১০. আপনার কোন ভূল-ভ্রান্তি/অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুন্ন হলে তার দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

১১. আপনার পরিচালনাধীন সকল মামলার আদালতের ধার্য তারিখের কার্যক্রম একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

১২. আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী সিনিয়র সচিব/ সচিব, স্থানীয় সরকার বিভাগ এর নিকট প্রতি মাসে দাখিল করতে হবে অন্যথায় কর্তৃপক্ষ চাইলে আপনার চুক্তি বাতিল করতে পারিবেন। এ ছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় উক্তরুপ মামলার অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩. মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের আইন অধিশাখাকে প্রতিনিয়ত অবহিত করতে হবে (টেলিফোন নম্বর- আইন অধিশাখা- ৯৫৪৯৬৭৫, আইন-১ শাখা-৯৫৪০৯৯৫ এবং আইন-২ শাখা-৯৫৪৯৬৭৫)।

০২। উপরিউক্ত শর্তে সম্মত থাকলে পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে উল্লিখিত ১৩টি শর্ত লিপিবদ্ধ ও স্বাক্ষর করতঃ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর যোগদান/সম্মতিপত্র দাখিল করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে ....................ফর্দ।

(মো: মহিউদ্দীন শামীম)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৯৫
E-mail: lglaw1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০১৪.০০.০১.২০২১ (অংশ-৩)-৯৪০/৩০/২১ তারিখ : ১৫ আষাঢ়, ১৪২৮ ব: / ২৯ জুন, ২০২১ খ্রি:

**সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সি.জি,এ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৯. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১০. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
১৩. জনাব ..........................................................প্যানেল আইনজীবী, ..............................................

(মো: মহিউদ্দীন শামীম)
সহকারী সচিব